# জেলা পরিষদ
## চট্টগ্রাম।
**www.zpchittagong.org**

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং ঃ ৪৬.৪২.১৫০০.০০১.১৪.০০১.২০-১৩৭৯

তারিখ ঃ ২৮ জ্যৈষ্ঠ ১৪২৭
১১ জুন ২০২০

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, (জেলা পরিষদ অধিশাখা) বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্মারক নং: ৪৬.০০.০০০০.০৪২.১১.০০৪.১৭-৯৭৫ তারিখ: ০৯ জুন ২০২০ এর ছাড়পত্র মোতাবেক সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে চট্টগ্রাম জেলা পরিষদে নিম্নবর্ণিত শূন্য পদ পূরণের জন্য শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। আবেদনের সাথে নিম্ন বর্ণিত তথ্যাদি উল্লেখ করে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করতে হবে।

| ক্রমিক নং | পদের নাম | বেতন স্কেল | পদের সংখ্যা | বয়স সীমা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ০১ | অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক | টাকা ৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড-১৬<br>জাতীয় বেতন স্কেল ২০১৫ | ০১ (এক) | ১৮-৩০ বছর | ১। উচ্চ মাধ্যমিক পাশ বা সমমানের সার্টিফিকেট থাকতে হবে<br>২। ইংরেজি ও বাংলায় প্রতি মিনিটে যথাক্রমে ৪০ শব্দ এবং ৩০ শব্দ টাইপ করার যোগ্যতা থাকতে হবে। |
| ০২ | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর-কাম-দপ্তরি | টাকা ৮৫০০-২০৫৭০/-<br>গ্রেড-১৯<br>জাতীয় বেতন স্কেল ২০১৫ | ০১ (এক) | ১৮-৩০ বছর | ১। এসএসসি পাস বা সমমানের সার্টিফিকেট থাকতে হবে<br>২। ন্যূনতম ০৩ (তিন) মাসের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |

শর্তাবলী ঃ

০১। প্রার্থীর বয়স ১১/০৬/২০২০ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;

০২। আবেদনপত্রসমূহ প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চট্টগ্রাম বরাবরে আগামী ৩০/০৬/২০২০ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে অফিস চলাকালীন জেলা পরিষদ, চট্টগ্রাম কার্যালয়ে অবশ্যই ডাকযোগে/সরাসরি পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

০৩। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯ ডিসেম্বর ২০১৪ তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪.০১ নম্বর স্মারকে জারীকৃত চাকরির নির্ধারিত আবেদন ফরমের অনুকরণে জেলা পরিষদ চট্টগ্রাম -এর জন্য প্রস্তুতকৃত ফরমে অগ্রহী প্রার্থীদেরকে নির্ধারিত তারিখের মধ্যে আবেদন করতে হবে। আবেদন ফরম **www.zpchittagong.org** ওয়েবসাইটে এবং জেলা পরিষদ কার্যালয়ে পাওয়া যাবে;

০৪। আবেদনপত্রে ক) প্রার্থীর নাম খ) পিতার নাম গ) মাতার নাম ঘ) স্থায়ী ঠিকানা ঙ) বর্তমান ঠিকানা চ) জন্ম তারিখ ছ) শিক্ষাগত যোগ্যতা জ) জাতীয়তা ঝ) ধর্ম ট) প্রার্থীর ক্যাটাগরি (সাধারণ/মুক্তিযোদ্ধা পোষ্য/মহিলা/এতিমখানার নিবাসী/প্রতিবন্ধী/তফসিল সম্প্রদায়ভুক্ত/আনসার ও ভিডিপি) ঞ) অন্যান্য যোগ্যতা (যদি থাকে) ট) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং ইত্যাদি উল্লেখ সহ নির্ধারিত ফরমে স্পষ্ট অক্ষরে লিখিত এবং স্বাক্ষর যুক্ত করতে হবে;

০৫। আবেদনপত্রের সাথে সদ্য তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশন এলাকার জন্য কাউন্সিলর কর্তৃক নাগরিক সনদপত্রের মূলকপি ও ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র ও শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত অনুলিপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি যুক্ত করতে হবে;

০৬। ক্রমিক নং : ০১ এবং ক্রমিক নং : ০২ এর উল্লিখিত পদসমূহে আবেদনকারী প্রার্থীদেরকে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চট্টগ্রাম-এর অনুকূলে তফসিলি ব্যাংক হতে যথাক্রমে ৫০০/- (পাঁচশত) টাকা এবং ৩০০/- (তিনশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে;

০৭। দরখাস্তের খামের উপর প্রার্থিত পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে;

০৮। আবেদনপত্রের সাথে ৪″x ১০″ ইঞ্চি সাইজের নিজ ঠিকানা সম্বলিত ১০/- টাকার ডাক টিকিটসহ ফেরত খাম আবেদনের সাথে যুক্ত করতে হবে;

০৯। ক্রমিক নং ০১ এ উল্লিখিত পদে আবেদনকারী প্রার্থীকে সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হতে কম্পিউটারে ডিপ্লোমা ডিগ্রীধারী হলে অগ্রাধিকার দেয়া হবে;

১০। ক্রমিক নং ০২ এ উল্লিখিত পদে নিয়োগের ক্ষেত্রে বিভাগীয় প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে;

১১। প্রার্থী মুক্তিযোদ্ধা পোষ্য হলে সেক্ষেত্রে তাকে তার পিতা/মাতা/দাদার মুক্তিযোদ্ধা প্রমাণের জন্য সনদপত্রের সত্যায়িত অনুলিপি (মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ও দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র) দাখিল করতে হবে;

১২। প্রতিবন্ধীদের ক্ষেত্রে উপ-পরিচালক, সমাজসেবা কার্যালয়, চট্টগ্রাম এর নিকট থেকে তালিকাভুক্তির সনদপত্রের সত্যায়িত কপি যুক্ত করতে হবে;

১৩। এতিমখানা নিবাসীদের ক্ষেত্রে এতিমখানার তত্ত্বাবধায়কের নিকট থেকে প্রাপ্ত সনদপত্রের সত্যায়িত কপি যুক্ত করতে হবে;

১৪। আনসার ও ভিডিপির ক্ষেত্রে জেলা কমান্ড্যান্ট কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি যুক্ত করতে হবে;

১৫। তফসিলভুক্ত সম্প্রদায়ের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের সনদপত্র দাখিল করতে হবে;

১৬। চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না;

১৭। এ নিয়োগে সরকার কর্তৃক সময় সময় জারীকৃত কোটা সম্পর্কিত নির্দেশাবলী অনুসরণ করতে হবে;

১৮। অসম্পূর্ণ/ ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে;

১৯। আবেদনপত্র গ্রহণ/বাতিলের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;

২০। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ দেয়া হবে না;

২১। নির্বাচনী পরীক্ষার জন্য প্রবেশপত্র ডাকযোগে প্রেরণ করা হবে। আগামী ১২.০৭.২০২০ তারিখের মধ্যে প্রবেশপত্র না পেলে তাকে ১৫.০৭.২০২০ তারিখের মধ্যে এক কপি ছবিসহ নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে ডুপ্লিকেট প্রবেশপত্র সংগ্রহ করতে হবে;

২২। প্রার্থীদের নির্বাচনী/মৌখিক পরীক্ষা গ্রহণের সময় মূল সনদপত্র অবশ্যই দেখাতে হবে;

২৩। দরখাস্তে বর্ণিত তথ্য যে কোন পর্যায়ে মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে দরখাস্ত/নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

২৪। এ নিয়োগের ক্ষেত্রে চাকুরীর শর্তাবলী বেতন-ভাতা/সুযোগ-সুবিধার ক্ষেত্রে জেলা পরিষদ আইন, স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী বিধিমালা, ১৯৯০ এবং সরকার কর্তৃক জারীকৃত নির্দেশাবলী প্রযোজ্য হবে;

২৫। কোন প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে;

২৬। কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে উক্ত নিয়োগ প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

খন্দকার [illegible]
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, চট্টগ্রাম
ও
আহবায়ক
জেলা পরিষদ কর্মচারী নিয়োগ ও পদোন্নতি
সংক্রান্ত বাছাই কমিটি
ফোন: ০৩১-৬১৮৯১৮

প্র.স. ২০-১১৪৩ (১৫″x৩)